10 MINUTE SCHOOL

COMMUNICATION MASTERCLASS

by

TAHSAN KHAN

Communication কী এবং কেন?

www.10ms.com/skills

COMMUNICATION MASTERCLASS by TAHSAN KHAN

কমিউনিকেশন বা যোগাযোগের আক্ষরিক অর্থ হচ্ছে তথ্যের আদান-প্রদান। আপনি যখন কারো সাথে কথা বলছেন কিংবা কাউকে কোনো মেসেজ পাঠাচ্ছেন- that is Communication। আপনি যখন রাস্তায় পরিচিত কারো সাথে দেখা হওয়ার সময় তাকে হাই দিচ্ছেন- এটাই হচ্ছে কমিউনিকেশন। আবার কেউ যখন আপনার সাথে কথা বলছে এবং আপনি মাথা নেড়ে বোঝাচ্ছেন যে আপনি তার কথা বুঝতে পারছেন- এটাও কমিউনিকেশন। প্রতিদিন আমরা আমাদের personal ও professional জীবনে অসংখ্য মানুষের সাথে লিখিত, মৌখিক বা body language এর মাধ্যমে কমিউনিকেট করে যাচ্ছি।
এই কোর্সে আমরা কীভাবে জীবনের বিভিন্ন ক্ষেত্রে রিটেন, ভার্বাল এবং নন ভার্বাল কমিউনিকেশন আরো ইফেক্টিভলি করা যায় সেই strategies নিয়ে আলোচনা করব।

কমিউনিকেশন কেন?

ইফেক্টিভ কমিউনিকেশন আপনার ব্যক্তিগত ও পেশাদারী জীবনের একটি প্রয়োজনীয় স্কিল। একজন strong communicator তার জীবনের প্রতিটি ক্ষেত্রে এই স্কিলটি ব্যবহার করে সবার সাথে সাবলীল সম্পর্ক বজায় রাখতে পারে।

ব্যক্তিগত জীবনে কমিউনিকেশন:

আপনি কোন ভাষায় বলছেন, আপনার facial expression কী, আপনার voice কেমন– এই সবকিছু নির্ধারণ করে দেয় আপনার কথাটা আপনার সামনের মানুষকে কেমন feel করাবে। তিনি কি আপনার কথায় খুশি হবেন নাকি কষ্ট পাবেন, তার সাথে আপনার সম্পর্ক কি আরো ভালো হবে, না খারাপ হবে- এর সবকিছুই নির্ভর করে আপনার কমিউনিকেশন স্কিলের উপর।

Professional life এ কমিউনিকেশন:
চাকরি, ব্যবসা, ফ্রিল্যান্সিং, ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং, অভিনয়, স্পোর্টস, গান গাওয়া- পৃথিবীতে এমন কোনো প্রফেশন নেই যেখানে কমিউনিকেশন স্কিল প্রয়োজন হয় না। আপনি কোনো একটি কাজে যতই দক্ষ হন না কেন, আপনি সেই কাজটা কখনো একদম একা একা করতে পারবেন না। আপনাকে অন্যদের সাথে কোনো না কোনোভাবে collaborate করে কাজ করতে হবে, এবং এর জন্য ইফেক্টিভ কমিউনিকেশন এর কোনো বিকল্প নেই।

ইফেক্টিভ কমিউনিকেশনের জন্য কী কী প্রয়োজন?
ভাষা জ্ঞান: কমিউনিকেশন স্কিল ডেভেলপ করার ক্ষেত্রে বাংলা এবং ইংরেজির ভাষাগত দক্ষতা গড়ে তোলার কোনো বিকল্প নেই। আমরা অনেকেই ভাবি, বাংলা তো আমাদের মাতৃভাষা, এটা তো পারিই, এখানে আবার শেখার কী আছে? অথচ গুছিয়ে কিছু একটা বলতে বা লেখার প্রয়োজন হলেই আমরা অনেকে বিপদে পড়ে যাই। এজন্য নিয়মিত বাংলা এবং ইংরেজি ভাষা বলা এবং লেখা চর্চা করা উচিত।

অবজারভেশন: প্রত্যেক ইফেক্টিভ কমিউনিকেটরই একজন অবজারভেন্ট মানুষ। তিনি মানুষের আচার-আচরণ, আগ্রহ-অনাগ্রহ, উদ্দেশ্য, এবং বিভিন্ন শারীরিক ভাষা খেয়াল করেন। যার সাথে কমিউনিকেট করবেন তাকে যদি Observe না করেন, তাহলে কমিউনিকেশন একমুখী হয়ে যাবে। তাই একজন স্কিলড কমিউনিকেটর হতে হলে পর্যবেক্ষণ করবার ক্ষমতা আয়ত্ত করতে হবে।

Empathy বা সহমর্মিতা: এম্প্যাথি বা সহমর্মিতার অর্থ হলো নিজেকে অন্যের জায়গায় রেখে দেখা। আপনি যার সাথে communicate করছেন, তার কী অবস্থা, আপনার কথা তার উপর কী প্রভাব ফেলবে, তার reaction কেমন হবে- এটা বুঝে communicate করা আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। সামনের মানুষের প্রতি এম্প্যাথি রেখে, তিনি আপনার কথা শুনে কেমন বোধ করবেন, এগুলো ভেবে যখন communicate করবেন, তখন মানুষটির সাথে আপনার একটা understanding তৈরি হবে এবং future communication এর সুযোগ বাড়বে। এজন্য ভালো কমিউনিকেশন এর পূর্ব শর্ত হচ্ছে এম্প্যাথি।